

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
অর্থ মন্ত্রণালয়
ইউরোপ-১ শাখা
শেরে বাংলা নগর, ঢাকা
www.erd.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ সরকার এবং ফরাসি সরকারের অর্থায়নকারী সংস্থা Agence Francaise de Developpement (AFD) এর কারিগরি ও আর্থিক সহায়তায় ২২ জুন ২০২৩ তারিখে “Greater Dhaka Sustainable Urban Transport Project [BRT Company Component]” শীর্ষক প্রকল্পে অতিরিক্ত ৬২ মিলিয়ন ইউরো; “Chattogram Metropolitan Sewerage Project for North Kattoli Catchment [North Kattoli]” শীর্ষক প্রকল্পে ১৭৫ মিলিয়ন ইউরো এবং “Bangladesh Environmental Sustainability and Transformation [BEST]” শীর্ষক প্রকল্পে ৪০ (চল্লিশ) মিলিয়ন ইউরো অর্থাৎ মোট ২৭৭ (দুইশত সাতাত্তর) মিলিয়ন ইউরো সমপরিমাণ ৩০৩ (তিনশত তিন মিলিয়ন) মার্কিন ডলার ঋণচুক্তি স্বাক্ষরিত হয়।

বাংলাদেশ সরকারের পক্ষে মিজ শরিফা খান, সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় এবং AFD এর পক্ষে Mr. Benoit Chassatte, Country Director, AFD ঋণচুক্তিতে স্বাক্ষর করেন। প্রকল্প ০৩ (তিন)টির মূল উদ্দেশ্য হলো যথাক্রমে (ক) গাজীপুর হতে ঢাকা হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর পর্যন্ত ২০.৫০ কিলোমিটার বাস র‍্যাপিড ট্রানজিট (BRT dedicated Lane) অবকাঠামো নির্মাণ করে দ্রুত নিরাপদ, সশ্রয়ী ও পরিবেশ-বান্ধব পরিবহন ব্যবস্থা প্রবর্তন করা; (খ) চট্টগ্রাম মহানগরীর উত্তর-পশ্চিম অংশে অবস্থিত উত্তর কাটলী ক্যাচমেন্ট এলাকার জন্য পয়ঃনিষ্কাশন অবকাঠামো নির্মাণ; এবং (গ) বাংলাদেশ ব্যাংকের আওতায় একটি জ্বালানি-দক্ষ, স্বল্প কার্বন নির্গমন ও জলবায়ুসহনশীল কাঠামোর জন্য Green Credit Guarantee Fund এর জন্য বিনিয়োগ সুবিধা সম্প্রসারণ করা।

২০১২ সাল থেকে বাংলাদেশে Agence Francaise de Developpement (AFD) কার্যক্রম শুরু করে। AFD হল একটি দ্বিপাক্ষিক উন্নয়ন সংস্থা যা ফরাসি সরকারের পক্ষে উন্নয়ন সহায়তা কার্যক্রম বাস্তবায়ন করে থাকে। নগর উন্নয়ন, বিদ্যুৎ, সবুজ শক্তি, কর্পোরেট এবং সামাজিক দায়বদ্ধতা সংশ্লিষ্ট প্রকল্পসমূহে সংস্থাটি আর্থিক সহায়তা প্রদান করে থাকে।

আলোচ্য প্রকল্পসমূহ ভৌত ও অবকাঠামোগত খাতে ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা ও টেকশই উন্নয়ন অভীষ্ট এর বিভিন্ন লক্ষ্য অর্জনে সহায়তা করবে। এ পর্যন্ত AFD বাংলাদেশে ২,১০১ [দুইহাজার একশত এক] মিলিয়ন মার্কিন ডলার কারিগরি সহায়তা ও ঋণ প্রদান করেছে, যার মধ্যে জুন ২০২২ পর্যন্ত ১,০৩১ [একহাজার একত্রিশ] মিলিয়ন মার্কিন ডলার অর্থ ছাড় সম্পন্ন হয়েছে।

১২২১
২২.০৬.২৩

সামিয়া আলম
উপ-সচিব
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার